ইত্তেফাক

তারিখ ৩।১২।৮১
পৃষ্ঠা ১ কলাম ১

051

## 'দাবী মানিলেই ধর্মঘট প্রত্যাহার করা হইবে'

এদিকে প্রাথমিক শিক্ষক সমিতির এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়: গতকাল (মঙ্গলবার) চট্টগ্রামে লালদীঘির ময়দানে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি চট্টগ্রাম জেলা শাখার এক সভায় সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ বলেন, সরকার শিক্ষকদের দুই দফা দাবী মানিয়া

(৮ম পৃ. ৩-এর কঃ দ্রঃ)

## দাবী মানিলেই

(১ম পৃঃ পর)

নিলেই ধর্মঘট প্রত্যাহার করা হইবে। এই দুই দফা হইতেছে ঢাকা মহানগরী 'কালা কানুন' বাতিল ও গত ২৪শে নবেম্বর গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী প্রাথমিক শিক্ষা আইন বাস্তবায়ন। তিনি বলেন, শিক্ষকদের এই আন্দোলন কোন প্রকার হুমকি দিয়া বন্ধ করা যাইবে না। জনাব আজাদ বলেন, সরকার তাঁহাদের সহিত চুক্তি ভঙ্গ করায় শিক্ষকগণ এই আন্দোলনে নামিয়াছেন। এই আন্দোলনের পশ্চাতে কোন রাজনৈতিক উদ্দেশ্য নাই।

সিরাজগঞ্জ হইতে আমাদের নিজস্ব সংবাদদাতা তারবার্তায় জানান, সিরাজগঞ্জ মহকুমার প্রায় চার হাজার প্রাথমিক শিক্ষক বৃষ্টির মধ্যে গতকাল শহরে একটি মিছিল বাহির করে এবং মহকুমা প্রশাসক ও শিক্ষা অফিসারের নিকট স্মারকলিপি প্রদান করেন। পরে তাঁহারা পৌর মিলনায়তনে এক সভায় মিলিত হন। বক্তাগণ সরকারের খেয়ালখুশিমত সিদ্ধান্ত গ্রহণের সমালোচনা করেন এবং আগামী ২০শে ফেব্রুয়ারী ঢাকায় শিক্ষকদের মহাবিক্ষোভ প্রদর্শনের পক্ষে সমর্থন জানান।